

# ডাকসু নির্বাচনে অংশ নিতে পারবেন না ৩ শতাধিক ছাত্রলীগের নেতাকর্মী

চাবি প্রতিনিধি



সংযুক্ত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন ২০২৫-

এ অংশ নিতে পারবেন না নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের

৩০০-এর অধিক নেতাকর্মী। রবিবার (২০ জুলাই) ঢাকা

বিশ্ববিদ্যালয়ের (চাবি) সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম সিভিকেটের

এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। সিভিকেট সভায় সভাপতিত্ব

করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

সিভিকেট সভায় উপস্থিত এক সদস্য বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়

জুলাই-আগস্টে সংগঠিত ঘটনায় জড়িতদের ব্যবস্থা নিতে একটি

তদন্ত কমিটি গঠন করেছিল।

সেই তদন্ত কমিটি শিক্ষার্থীদের উপর হামলায় জড়িত ১২৮ জনকে

চিহ্নিত করেছে। এর মধ্যে ১২৬ জন ঢাবি শিক্ষার্থী ছিল, যারা

নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের রাজনীতির সঙ্গে যুক্ত। তারা আসন্ন

ডাকসু নির্বাচনে ভোটার ও প্রার্থী হতে পারবেন না। পাশাপাশি

শাহবাগ থানায় মামলাও করা হয়েছিল এই ঘটনা নিয়ে।

সেই মামলাতে যারা অভিযুক্ত আছেন- তাদের মধ্যে যারা ঢাবি

শিক্ষার্থী, তারা আসন্ন ডাকসু নির্বাচনে ভোটার ও প্রার্থী হতে

পারবেন না বলে সিদ্ধান্ত গ্রহণ করেছে সিভিকেট।

ওই সদস্য আরো বলেন, বিশ্ববিদ্যালয় যে ১২৬ জনকে সামরিক

বহিকার করেছে, তারা ডাকসু নির্বাচনে অংশ নিতে পারবেন না।

শাহবাগ থানায় যে মামলা হয়েছে তার মধ্যে এই ১২৬ জনের

কেউ কেউ থাকতে পারেন। সেই মামলায় অভিযুক্তদের ও

বিশ্ববিদ্যালয় থেকে বহিকার করা ১২৬ জন মিলিয়ে একটি

তালিকা করা হবে যারা ডাকসু নির্বাচনে ভোটার ও প্রার্থী হতে

পারবেন না।

এই সংখ্যাটি ৩ শতাধিকেরও অধিক হবে। শিগগিরই ডাকসু

নির্বাচন কমিশন এটি চূড়ান্ত করে জানাবে।

